গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোহনপুর উপজেলা দুর্যোগ ঝুঁকি নিরুপণ
ও
স্থানীয় দুর্যোগ ঝুঁকিহ্রাস কর্মপরিকল্পনা

বাস্তবায়নেঃ

মোহনপুর উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
মোহনপুর, রাজশাহী।

সহযোগিতায়ঃ

D:\CRA Report\done CRA reports\Docs\Rajshahi\Mohanpur VERC\Upazila Report\Upazila Report.doc

পরিচালক

ত্রাণ ও পূর্নবাসন অধিদপ্তর (ভিজিডি)
এবং
কম্পোনেন্ট ম্যানেজার, জনগোষ্ঠীর ঝুঁকিহ্রাসকরণ কর্মসূচী (০৩-বি)
সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রম (সিডিএমপি)
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান ভবন
৯২-৯৩, মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা ।

বরাবরে দাখিলের জন্য প্রতিবেদনটি প্রস্তুত করা হয়েছে।

প্রতিবেদন প্রণয়নে

ভার্ক -সিডিএমপি পার্টনারশীপ প্রকল্পের কর্মীবৃন্দ
মোহনপুর, রাজশাহী ।

D:\CRA Report\done CRA reports\Docs\Rajshahi\Mohanpur VERC\Upazila Report\Upazila Report.doc

সূচীপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
০১	মুখবন্ধ	
০২	ভূমিকা ও পটভূমি	
০৩	স্থানীয় এলাকা সম্পর্কিত বিবরণ	
০৪	স্থানীয় সমাজ জনগোষ্ঠি সম্পর্কিত বিবরণ	
০৫	স্থানীয় দুর্যোগ প্রেক্ষিত	
০৬	এলাকার সার্বিক আপদ সমূহ ও বিপদাপন্নতা	
০৭	সামাজিক সম্পদ, অবকাঠামো ও বিপন্নতার মানচিত্র	
০৮	স্থানীয় ঝুঁকি পরিবেশ	
০৯	ঝুঁকি নিরসনের জন্য খসড়া বাস্তবায়ন পরিকল্পনা প্রনয়ন	
১০	চ্যালেঞ্জ ও লার্নিং	
১১	উপসংহার	
১২	পরিশিষ্ট	

VILLAGE EDUCATION RESOURCE CENTER

VERC

কারিগরি সহযোগিতায়

ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক)
বি-৩০ এখলাসউদ্দিন খান রোড
আনন্দপুর, সাভার-১৩৪০,ঢাকা

D:\CRA Report\done CRA reports\Docs\Rajshahi\Mohanpur VERC\Upazila Report\Upazila Report.doc

মুখবন্ধ

বিশ্বের মানচিত্রে বাংলাদেশ একটি দুর্যোগপ্রবণ দেশ হিসেবে পরিচিত। ভৌগলিক অবস্থান ও আবহাওয়ার কারণে স্থান ভেদে এ দেশে প্রতি বছর বন্যা, ঘুর্ণিঝড়, খরা, টর্নেডো, জলোচ্ছ্বাস, কালবৈশাখীর মত নানা ধরণের প্রাকৃতিক আপদ আঘাত হানে। অবস্থানগত কারণে ভূমিকম্প এদেশের জন্য একটা আপদ, অন্যদিকে নদীমাতৃক দেশ হওয়ায় প্রায় প্রতিবছর নদী ভাঙ্গনের কারণে প্রতিনিয়ত লাখ লাখ মানুষ নি:স্ব হয়ে পড়ে। এছাড়া ও মানবসৃষ্ট বিভিন্ন আপদ মানব জীবনকে প্রতিনিয়ত আতঙ্কগ্রস্থ করে রাখে। এ সমস্ত আপদের প্রভাবে সহায় সম্পদসহ জানমালের ব্যাপক ক্ষতি সাধিত হয়। এর ফলে শুধুমাত্র যে জনগোষ্ঠী ক্ষতিগ্রস্থ হয় তা নয়, জাতীয় সম্পদ ও অর্থনীতিতে ও ব্যাপকভাবে এর প্রভাব পরিলক্ষিত হয়।

বাংলাদেশ দুর্যোগ প্রবণ দেশ হলেও পূর্বে ঝুঁকি হ্রাস কর্মসূচির মাধ্যমে মানুষের জীবন ও সহায় সম্পদের ক্ষয়ক্ষতি কমানোর সুদূর প্রসারী কোন পরিকল্পনা গ্রহণ করা হয়নি। সুষ্ঠ পরিকল্পনা ব্যতিরেকে শুধুমাত্র ত্রাণ ও পুনর্বাসনকেই বেশী প্রাধান্য দেয়া হয়েছে।

সম্প্রতি বাংলাদেশ সরকার ইউএনডিপির সহায়তায় সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচির মাধ্যমে দুর্যোগ ঝুঁকি হ্রাস বিষয়ক এক যুগান্তকারী কর্মসূচী হাতে নিয়েছে। এই কর্মসূচীর আওতায় প্রাথমিকভাবে সমাজের বিভিন্নস্তরের জনসাধারণ ও ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সমন্বয়ে স্থানীয় ঝুঁকি চিহ্নিত করে তা পর্যালোচনা করে পরবর্তীতে উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দের সুচিন্তিত মতামতের মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে গৃহিত পরিকল্পনাগুলোকে পর্যালোচনার মাধ্যমে উপজেলা পর্যায়ের ঝুঁকি নিরুপন ও ঝুঁকিহ্রাস কর্মপরিকল্পনা প্রণয়ন চুড়ান্ত করা হয়। ঝুঁকি নিরসন কর্মপরিকল্পনায় স্থানীয় আপদসমূহ চিহ্নিত করে ঝুঁকি নিরসনের জন্য প্রতিটি ইউনিয়ন পর্যায়ে দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। ডিএফআইডি ও ইউএনডিপির আর্থিক সহায়তায় ও বাংলাদেশ সরকারের অধীনে এ কর্মসূচীর প্রণয়নকৃত কর্মপরিকল্পনা স্থানীয় ঝুঁকি হ্রাসে সুদূর প্রসারী অবদান রাখতে পারবে বলে উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি মনে করে।

কর্মপরিকল্পনাটি প্রণয়নে স্থানীয় জনগোষ্ঠী, নারী, প্রতিবন্ধিদের প্রতিনিধি ও ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ সরাসরি সম্পৃক্ত ছিলেন। বিশেষ করে অত্র এলাকায় কর্মরত বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক) এর কর্মীদের নিষ্ঠা ও অক্লান্ত পরিশ্রম ঝুঁকি হ্রাস পরিকল্পনা প্রণয়নে যথার্থ অবদান রেখেছেন। তাদের এ কর্মপ্রচেষ্টা ও অক্লান্ত পরিশ্রমের ফলে রাজশাহী জেলার মোহনপুর উপজেলাধীন প্রত্যেকটি ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি একটি বাস্তব সম্মত ঝুঁকিহ্রাস কর্মপরিকল্পনা প্রণয়ন করতে সক্ষম হয়েছে। এই উপজেলার ঝুঁকি হ্রাস কল্পে প্রণীত কর্মপরিকল্পনায় বিভিন্ন কর্মকান্ড সমূহ প্রাধান্য লাভ করেছে। উক্ত কর্মকান্ডগুলো বাস্তবায়ন হলে স্থানীয় দুর্যোগ ঝুঁকিসমূহ অনেকাংশে হ্রাস পাবে এবং জনগণের জীবন ও সহায় সম্পত্তির ক্ষয়ক্ষতির পরিমান কমিয়ে আনা সম্ভব হবে।
আমি উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার হিসাবে উপজেলাবাসীর পক্ষ থেকে ঝুঁকি হ্রাস কর্মপরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

সভাপতি

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি

ও

উপজেলা নির্বাহী অফিসার

মোহনপুর, রাজশাহী।

D:\CRA Report\done CRA reports\Docs\Rajshahi\Mohanpur VERC\Upazila Report\Upazila Report.doc

জনগোষ্ঠীর ঝুঁকি নিরূপণ ও ঝুঁকিহ্রাস কর্মশালার প্রতিবেদন
উপজেলাঃ মোহনপুর ।

ভূমিকা ও পটভূমি

ভূমিকাঃ সুজলা সুফলা শষ্য শ্যামলা এই বাংলা নানাবিধ প্রাকৃতিক সৌন্দর্য্যের অবারিত লিলাভূমি । প্রাকৃতিক সৌন্দর্য্যের উপস্থিতি রয়েছে এর ভূমি গঠণে, কোথায়ও সমতল, কোথায় পাহাড়, আবার কোথায় ও বরেন্দ্র বিধুত অঞ্চল । দেশের উত্তর-পশ্চিমের বিশাল এলাকা জুড়ে রয়েছে বরেন্দ্র অঞ্চল । এই বরেন্দ্র অঞ্চলের অন্যতম গুরুত্বপূর্ণ এলাকা হলো মোহনপুর উপজেলা । ভৌগলিক অবস্থান এবং মৌসুমী জলবায়ুর প্রভাবে প্রাকৃতিক দুর্যোগ এখানকার প্রতিনিয়ত ঘটনা, যার ফলে জীবনযাত্রা এবং উন্নয়ন কার্যক্রম চরমভাবে বাঁধাগ্রস্থ হয়ে জাতীয় উন্নয়ন এবং সম্বৃদ্ধি হুমকির সম্মুখিন হচ্ছে । স্বাধীনতাত্তোর বাংলাদেশে পূর্নগঠন কার্যক্রম শুরু হলে বন্যা, ঘূর্ণিঝড়, খরা, অনাবৃষ্টি এবং পরিবেশ বিপর্যয়ের ফলে নবীন দেশটিকে অক্টোপাশের মতো আঁকড়ে থাকা প্রাকৃতিক দুর্যোগে থমকে যায় দেশের উন্নয়ন কার্যক্রম ।

বাংলাদেশের সবুজ শ্যামল প্রকৃতির বুকে তীব্র শীত ও অতি গরমের অঞ্চল রাজশাহী জেলার মোহনপুর উপজেলা । বরেন্দ্র অঞ্চলের বাস্তব প্রকৃতি এখানে বিদ্যমান । জেলা সদর হতে মাত্র ১৬ কিলোমিটার উত্তর থেকে শুরু হয়েছে মোহনপুর উপজেলা । ২৪ ডিগ্রী ২৮.৪ ইঞ্চি উত্তর অক্ষাংশ হতে ২৪ ডিগ্রী ৩৮ ইঞ্চি উত্তর অক্ষাংশ এবং ৮৮ ডিগ্রী ৩৪.৮ ইঞ্চি পূর্ব দ্রাঘিমাংশ হতে ৮৮ ডিগ্রী ৪৩ ইঞ্চি পূর্ব দ্রাঘিমাংশে মোহনপুর উপজেলার ভৌগলিক অবস্থান ।

কেন এ এলাকায় সিআরএ করা হলো

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর প্রাকৃতিক, পরিবেশগত, এবং মানব সৃষ্ট, আপদ সমুহের প্রভাব থেকে জনসাধারণকে বিশেষ করে দরিদ্রদের বিপদাপন্নতাকে একটি প্রশমণযোগ্য এবং সহনীয় মানবিক পর্যায়ে নিয়ে আসার লক্ষ্যে বর্তমান দেশে অনুসৃত সনাতন ত্রাণমুখী দুর্যোগ ব্যবস্থপনা থেকে সার্বিক ঝুঁকিহ্রাস ব্যবস্থাপনায় উত্তরণ এবং দুর্যোগের প্রকোপ মোকাবেলায় জনগোষ্টির টিকে থাকার সক্ষমতা বৃদ্ধির উপায় হিসাবে খাদ্য নিরাপত্তা ব্যবস্থার প্রসার ঘটানোর জন্য অত্র এলাকার দরিদ্র জনগোষ্টি নারী পুরুষ নির্বিশেষে গরীব কৃষক, মৎস্যজীবি, ভূমিহীন, বয়স্ক, শারীরিক ভাবে অক্ষম ব্যক্তি আপদ সংশিষ্ট ঝুঁকির কারণে বিপদাপন্ন হওয়ার সম্ভাবনার মধ্যে অবস্থান করছে ।

রাজশাহী জেলা বাংলাদেশের মধ্যে অন্যতম খরা প্রবণ ও বরেন্দ্র ভূমি নিয়ে গঠিত । এছাড়াও অন্যান্য আপদের মধ্যে রয়েছে বন্যা, কুয়াশা, শিলাবৃষ্টি, কালবৈশাখী ঝড় । আর এইসব আপদের ফলে মানুষের জীবন-জীবিকা ও সম্পদের বিপদাপন্নতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে যার ফলশ্রুতিতে ঝুঁকির মাত্রা বেড়ে যাচ্ছে । এখন থেকে এই বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ না করলে ভবিষ্যতে এর বিপদাপন্নতা বৃদ্ধি পেয়ে অত্র এলাকায় চরম বিপর্যয় দেখা দিতে পারে যা উক্ত এলাকার জনগোষ্ঠির একার পক্ষে মোকাবেলা করা কঠিন হয়ে পড়বে । ভবিষ্যতে বিপদাপন্নতার মাত্রা সহনীয় পর্যায়ে রাখার উদ্দেশ্যে উক্ত এলাকায় সিআরএ কার্যক্রম পরিচালনা করা হয় ।

স্টেক হোল্ডারঃ সিআরএ কর্মশালায় প্রধানতঃ দু'ধরনের স্টেক হোল্ডারদের অংশগ্রহণ নিশ্চিত করা হয়েছে ।

ক) প্রত্যক্ষ স্টেকহোল্ডার ।
খ) পরোক্ষ স্টেকহোল্ডার ।

ক) প্রত্যক্ষ স্টেকহেল্ডারঃ প্রত্যক্ষ স্টেকহোল্ডার তাদেরকে বলা হয়েছে নারী পুরুষ নির্বিশেষে যারা এলাকায় বসবাস করেন ও আপদের দ্বারা সরাসরি ক্ষতিগ্রস্থ । যেমনঃ কৃষক/মৎস্যজীবি, শারিরীক ভাবে অক্ষম/বয়স্ক ব্যক্তি, গৃহিণী ও অন্যান্য পেশার নারী এবং ভূমিহীন ।

খ) পরোক্ষ স্টেকহোল্ডারঃ সিআরএ কার্যক্রমে পরোক্ষ স্টেকহোল্ডার তাদেরকে বলা হয়েছে সরাসরি কোন আপদ দ্বারা ক্ষতিগ্রস্থ হন না কিন্তু ক্ষতিগ্রস্থ জনগণকে সহযোগিতা করে থাকেন । যেমনঃ ইউনিয়নের চেয়ারম্যান- মেম্বর, সরকারী বে-সরকারী সেবাদানকারী প্রতিষ্ঠান, দাতা সংস্থা ইত্যাদি ।

কর্মশালার স্থান ও তারিখঃ মোহনপুর উপজেলায় ৬টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় ২২ জানুয়ারী ২০০৭ হতে ৩০ এপ্রিল ২০০৭ পর্যন্ত ইউনিয়ন পরিষদ, পৌরসভা কার্যালয় ও উপজেলা মিলনায়তনে সিআরএ কর্মশালা অনুষ্ঠিত হয় ।

স্থানীয় এলাকা সম্পর্কিত বিবরন

অবস্থানঃ রাজশাহী জেলার ০৯ টি উপজেলার মধ্যে মোহনপুর একটি গুরুত্বপূর্ণ উপজেলা। সিল্কসিটি রাজশাহী থেকে ১৬ কিলোমিটার উত্তর থেকে মোহনপুর উপজেলা সিমানা শুরু হয়েছে। উপজেলাটির দক্ষিণে পবা উপজেলা, পূর্বে দূর্গাপুর ও বাগমারা উপজেলা পশ্চিমে তানোর উপজেলা ও উত্তরে নওগাঁ জেলার মান্দ্রা উপজেলা ।

আয়তনঃ ১৬৭.৩৪ বর্গ কিলোমিটার

প্রাকৃতিক সম্পদ:
প্রাকৃতিক সম্পদের মধ্যে রয়েছে এখানকার জমি, খাল, বিল, পুকুর, গাছপালা, পানি, মৎস্যসম্পদ, জলাশয়, ফসল, সুমিষ্ট আম ইত্যাদি ।

ভূমি ও ভূমির ব্যবহার ঃ রাজশাহী জেলার অন্যান্য স্থানের মতো মোহনপুর উপজেলায় রয়েছে উর্বর জমি, এ জমিতে ফলে নানা প্রকার ফসল যেমন: ধান, পাট, আলু, সরিষা, গম, ভূট্টা, পান ইত্যাদি । মোহনপুর উপজেলায় মোট জমির পরিমান জমির পরিমান ৩,১৪,৯২৬ একর, আবাদি জমির পরিমান-২,৫৪,২৫১ একর, অনাবাদি জমির পরিমান ৬০,৬৭৫ একর, এক ফসলী জমির পরিমান-৬৯,০১৮ একর , দুইফসলী জমির পরিমান-১,০১৫,৯৪ একর ও তিন ফসলী জমির পরিমান- ৮৩,৬৩৯ একর ।

মাটির প্রকৃতিঃ এখানকার মাঠের মাটি মূলত বেঁলে দোআঁশ ও এঁটেল দোআঁশ রাস্তা এঁটেল দোআঁশ ঘরবাড়ী ও আন্যান্য স্থাপনা এটেল মাটি ।

যোগাযোগ অবকাঠামো ও ভৌত বৈশিষ্ট্যসমূহ

যোগাযোগ ব্যবস্থা ও হাট বাজারঃ বাংলাদেশের অন্যান্য স্থানের মত মোহনপুর উপজেলার যোগাযোগ ব্যবস্থার অনেকটা উন্নত হয়েছে। এখানে মোট ১৮৭ টি রাস্তা রয়েছে যার দৈর্ঘ প্রায় ৩৫২.৫ কিমি. তার মধ্যে পাকা রাস্তা ৩০ টি মোট দৈর্ঘ ৯৩ কিলোমিটার, কাঁচা রাস্তা ১০১ টি মোট মোট দৈর্ঘ ২৯২ কিলোমিটার নৌপথ ৩৭ কিমি ব্রীজ-কালভার্ট: ৪৪৪ টি, হাট বাজার-১৪ টি ।

জনসংখ্যা ঃ ১,৫৩,২১২ জন তার মধ্যে পুরুষ ৭৮,৩৩২ মহিলা ৭৪৮৮০ জন। পরিবার সংখ্যা: ৩৮৬০৩ টি ।

শিক্ষাঃ বাংলাদেশের অন্যান্য উপজেলার মতো মোহনপুর উপজেলায় শিক্ষারও হার তেমন বেশী ছিল না। এই অঞ্চলে বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠান(এনজিও) দির্ঘদিন যাবৎ এলাকার আর্থসামাজিক উন্নয়নে কাজ করে আসছে । সরকারীভাবে এখানে সার্বিক সাক্ষরতা আন্দোলন (টিএলএম) এছাড়াও স্বাধীনতার পরবর্তী সময়ে এখানে গড়ে উঠেছে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান যার ফলশ্রুতিতে এখানকার শিক্ষার হার প্রায় ৫১% মোহনপুর উপজেলায় মোট প্রাথমিকবিদ্যালয়: ৮১ টি, মাধ্যমিক বিদ্যালয়: ৪২টি কারিগরি বিদ্যালয়: ০২টি, কলেজ: ১৭টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের মাদ্রাসা ১৯টি ।

স্বাস্থ্যসেবা: মোহনপুর উপজেলায় স্বাস্থ্যসেবার জন্য রয়েছে ৩১ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কেন্দ্র ০১ টি, ইউনিয়ন স্বাস্থ্যও পরিবার কল্যান কেন্দ্র ০৬টি, কমিউনিটি ক্লিনিক-১৮ টি, এছাড়াও গ্রামে গ্রামে রয়েছে ডাক্তার কবিরাজ ও ঔষধের দোকান। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে পর্যাপ্ত ঔষুধ ও যন্ত্রপাতি না এলাকায় সাধারণ লোকজন প্রথমে মোহনপুর উপজেলা কমপ্লেক্স এ আসেন চিকিৎসা সেবা নিতে । । অবস্থাপন্ন ব্যক্তি ও জটিল রোগীরা সাধারণত বিশেষজ্ঞ ডাক্তারের চিকিৎসার জন্য বিভাগীয় শহর রাজশাহী যায় ।

সার্বজনীন, ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান সমুহ:

ধর্মীয় প্রতিষ্ঠান: সাম্প্রদায়িক সম্পৃতির এ অঞ্চলে মিলেমিশে বাস করছে মুসলমান, হিন্দু, আদিবাসীদের মধ্যেবৌদ্ধ ও খৃস্টান সম্প্রদায়ের লোক । অত্র এলাকায় মুসলমানদের নামাজ পড়ার জন্য রয়েছে মসজিদ- ৪৬১ টি, ঈদগাহ ৮৬ টি, হিন্দু সম্প্রদায়ের পূজা করার জন্য রয়েছে মন্দির- ২৬ টি, শ্মশানঘাট-১০টি, তবে বৌদ্ধ ও খৃস্টান সম্প্রদায়ের লোকসংখ্যা কম হওয়ার কারণে এখানে কোন গীর্জা বা পেগোডা নেই ।

অফিস/সেবাদানকারী প্রতিষ্ঠানঃ উন্নয়ন কার্যক্রমের অংশীদার হিসাবে মোহনপুর উপজেলায় বিভিন্ন সেবাদানকারী অফিস ও প্রতিষ্ঠান আছে তা হলোঃ তহশিল অফিস-৬টি, পোস্ট অফিস-১১ টি, কমিউনিটি ক্লিনিক-১৮ টি, মাতৃকল্যান কেন্দ্র ১২ টি পশু চিকিৎসা কেন্দ্র - ৬টি, কৃষি পরামর্শ কেন্দ্র ০৬টি কর্মরত বেসরকারী প্রতিষ্ঠান (এনজিও) সংখ্যাঃ ৩৬ টি ও ৬৪টি ক্লাব।

কৃষি ও খাদ্যঃ মোহনপুর উপজেলায় সারা বৎসর প্রধান খাদ্য শষ্য ধান। ইরি, বোরো, আউস, আমনের পাশাপাশি আলু, সরিষা, পেঁয়াজ, রসুন, গম, ভূট্টা, ছোলা, মুসুরী, খেসারী, পান, পটল ইত্যাদি শষ্য ফলে। এছাড়াও ফলের মধ্যে আম, কাঠাল, জাম, পেঁপেঁ, কদবেল, জামরুল, পেয়ারা, কূল, তাল ইত্যাদি পাওয়া যায়।

পানির উৎসঃ মোহনপুর উপজেলায় পানির উৎস হিসাবে রয়েছে প্রাকৃতিক ভাবে সৃষ্ট ০২ টি নদী, অসংখ্য খাল। মোট ৩১৭০ টি পুকুর(খাস-৪৫০ ব্যক্তি মালিকানাধীন=২৭২০) সেচ কাজের জন্য গভীর নলকূপ-২৮৬ টি এই নলকূপ দ্বারা ফসলী জমিতে সেচ দেওয়া হয়। এছাড়া খাবার পানির উৎস হিসাবে রয়েছে ৬০৫৪ টি নলকূপ(অগভীর-২৮৮৯টি, তারা-৭৯৯টি, তারা টু-১৫৭টি, তারা থ্রি -০১টি, গভীর নলকূপ-১৯০৬ টি অন্যন্য ২৯২ টি).

বনায়নঃ মোহনপুর উপজেলায় বন বিভাগ ও বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের তত্বাবধানে প্রায় সকল পাকা, কাঁচা ও প্রধান সড়কের পাশে প্রায় ১৪৫ কিলোমিটার রাস্তায় বৃক্ষ রোপণ করা হয়েছে। তাছাড়াও ব্যক্তিগত উদ্যোগে বাড়ীর আশেপাশের খালি জায়গায় বনায়ন কার্যক্রম চলছে।

জীববৈচিত্র্যঃ

মোহনপুর উপজেলায় জীববৈচিত্রের মধ্যে রয়েছে এখানকার বৃক্ষসম্পদ, জলজ উদ্ভিদ, স্থল ও জলজ প্রাণিকূল দেশীয় পাখি ইত্যাদি। এলাকায় কাঠ জাতীয় বৃক্ষবেশী দেখা যায় যেমন মেহেগনি, রেইনট্রি, শিশু ইত্যাদি। এসব গাছ এখন বৃদ্ধি পাচ্ছে। এ জাতীয় বৃক্ষের কাঠ অত্যন্ত মজবুত ও কাঠের দাম বেশী বিধায় পারিবারিক পর্যায়ে ও রাস্তাঘাটে বেশী পরিমানে গাছ লাগানো হচ্ছে। এ ইউনিয়নে শিমুল, কদম, বাবলা, রয়না, বট, পাকুড়, দেবদারু, বাঁশ, বেত ইত্যাদি খুব অল্প পরিমানে দেখা যায়। জবা,গাদা, শেফালী, দোপাটি ইত্যাদি ফুল গাছ বসতবাড়ীতে দেখা যায়। ফলজাতীয় বৃক্ষের মধ্যে রয়েছে আম, কাঠাল, নারকেল , তাল, কদবেল, আতা, কলা, পেঁপেঁ, জাম, পেয়ারা, কূল, তাল, পেয়ারা, তেতুল ইত্যাদি। ভেষস গাছপালার মধ্যে রয়েছে নিম, বহেড়া, হরিতকি, আকন্দ, ভাটিফুল, তুলসী, দূর্বা, ভাদলা ইত্যাদি। জলজ উদ্ভিদের মধ্যে রয়েছে কচুরীপানা, শাপলা, কলমীলতা, শেওলা ইত্যাদি। বন্যপ্রাণির মধ্যে রয়েছে পাতি শিয়াল, খেকশিয়াল, খাটাস, বেজী, ইদুর, ছুচো,কাঠ বিড়ালী ইত্যাদি। স্তণ্যপায়ী প্রাণীর মধ্যে রয়েছে বাদুর, চামচিকা, গরু, মহিষ, বিড়াল, কুকুর, ভেড়া, ছাগল ইত্যাদি। উভচর প্রাণীর মধ্যে রয়েছে সোনা ব্যাঙ, জলা ব্যাঙ, ইত্যাদি। স্থাণীয় পাখির মধ্যে শালিক, কাক, বক, বুলবুলি, ঘুঘু, কানাকুয়া, বাবুই, কোকিল, টুনটুনি, কাঠঠোকরা, কবুতর, ডাহুক, দোয়েল ইত্যাদি। প্রাকৃতিক জলাভূমিতে মৎস্য সম্পদের মধ্যে রয়েছে পুঁটি, টাকি, কৈ,শিং, মাগুর, খলিসা, রুই, কাতল, মৃগেল, চাপিলা, মলা, কাচকি, আইড়, বোয়াল, চিতল ইত্যাদি। এ উপজেলায় রুই, কাতলা, মৃগেল, সিলভারকার্প, গ্রাসকার্প, থাইস্বরপুটি, পাংগাস জাতীয় মাছের চাষ হয়ে থাকে।

পানি ও পয়নিস্কাশনঃ মোহনপুর উপজেলাকে সরকারী ভাবে ১০০% স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারের আওতায় এসেছে এখানে মোট ৩৮৬০৩ টি পরিবারের সকলেই স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যাবহার করে। এ অঞ্চলে ওয়াটার এইড-বাংলাদেশের আর্থিক সহযোগিতায় ১০০% সেনিটেশন এপ্রোচ-এ কাজ করছে ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক) । ১০০% সেনিটেশনের আওতায় আসার পর থেকে এখানে ব্যাক্তিগত পরিস্কার পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যকর পরিবেশের ওপর বিশেস গুরুত্ব দেওয়া হচ্ছে। এখানে নিরাপদ পানির উৎস হিসাবে রয়েছে রয়েছে ৬০৫৪ টি নলকূপ(অগভীর-২৮৮৯টি, তারা-৭৯৯টি, তারা টু-১৫৭টি, তারা থ্রি -০১টি, গভীর নলকূপ-১৯০৬ টি অন্যন্য ২৯২ টি).

মৎস্য, হাঁস-মুরগী ও গবাদি পশুপালনঃ মোহনপুর উপজেলার প্রায় সকল পরিবার এ কম বেশী হাঁস-মুরগী পালন করে থাকে। এই ইউনিয়নের বেশীর ভাগ লোক ছাগল ও ভেড়া পালন করে থাকে যা এলাকার এলাকার অর্থনীতিতে বিশেষ ভূমিকা রাখছে। এছাড়া সকল কৃষক পরিবারও কিছূ সংখ্যক ব্যাবসায়ী গাভী পালন করে থাকেন। এ অঞ্চলেমোট মোট ৩১৭০ টি পুকুর(খাস-৪৫০ ব্যক্তি মালিকানাধীন=২৭২০)

স্থানীয় সমাজ জনগোষ্টি সম্পর্কিত বিবরণ

সামাজিক স্তরবিন্যাসঃ মোহনপুর উপজেলার আর্থসামাজিক বিশ্লেষণ করলে এখানে মোট ০৪টি স্তর পাওয়া যায়।

১) গরীব ও ভূমিহীনঃ (যারা দিন আনে দিন খায়) ৫৬%
২) নিম্ন মধ্যবিত্তঃ (যাদের খাওয়া পড়ার পড়ে সামান্য কিছু সঞ্চয় থাকে) ২৩%
৩) মধ্যবিত্তঃ (যাদের সংসার চলার পরেও মোটামুটি সঞ্চয় থাকে)১৫%
৪) ধনীঃ(যাদের সংসার ভালোভাবে চলে ও বেশ কিছু পরিমান সঞ্চয় থাকে) ০৬%

অর্থনৈতিক কর্মকান্ডও পেশাঃ এলাকার অর্থনৈতিক কর্মকান্ডের মধ্যে রয়েছে এলাকার প্রধান পেশা কৃষি । এছাড়াও কামার, জেলে, মৎস্য চাষী , বাঁশবেতের কাজ এ ছাড়াও এ অঞ্চলের কিছু সংখ্যাক লোক ক্ষুদ্র ব্যবসার সাথে জড়িত, হাঁস মুরগী ও গবাদী পশু পালন, ভ্যান রিক্সা চালনা করেও কেউ কেউ জীবিকা নির্বাহ করে থাকে ।

ধর্মীয় ও সামাজিক দলঃ অবস্থানগত কারণে মুসলিম অধ্যূষিত অঞ্চল হওয়ায় ইসলাম এখানকার প্রধান ধর্ম । তবে কিছু কিছু ক্ষেত্রে হিন্দু এবং খ্রিষ্টান ধর্মাবলম্বীদের অবস্থান রয়েছে এখানে । প্রতিটি ধর্মের মানুষদের মধ্যে অভিন্নতা, বিভিন্নতা, একে অন্যের ওপর নির্ভরশীলতা এবং একে অন্যকে সহায়তা করার মানসিকতা এখানে বিদ্যমান । আদিবাসী সম্প্রদায়ের ভুমিকা এবং পদক্ষেপে বৈচিত্র্যতা পেয়েছে মোহনপুর উপজেলার সামগ্রিক পরিবেশ । দৈহিক গঠন এবং ভাষার বৈচিত্র্যতা এবং জীবিকা অন্বেষণের ক্ষেত্রে নিজ নিজ ধর্ম এবং মূল্যবোধ প্রাধান্য পেয়েছে ।

সামাজিক আচার অনুষ্ঠানঃ সামাজিক আচার অনুষ্ঠানের মধ্যে রয়েছে ঈদ-উল-ফিতর ও ঈদ-উল-আযহা, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, অমর একুশ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, বাংলা নববর্ষ, সারদীয় দূর্গোৎসব, বড়দিন ইত্যাদি ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠানে সকল সম্প্রদায়ের অংশগ্রহণে এক সাম্প্রদায়িক সম্পৃতির মিলন মেলায় পরিনত হয় ।

লিঙ্গ বৈষম্যঃ পিতৃতান্ত্রিক পরিবারে মায়ের ভুমিকাকে অনেকাংশে সীমানা দিয়ে আবদ্ধ করে রাখা হয় এক্ষেত্রে মোহনপুর উপজেলার এর ব্যতিক্রম নয় । নারীদের সামাজিক মর্যাদা এবং অধিকার প্রাপ্তির ক্ষেত্রে পুরুষের অনুগ্রহ এবং শ্রদ্ধাবোধ এছাড়াও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীদের অধঃস্তনতার ইতিবাচক পরিবর্তনে তেমন কোন কার্যক্রম এখন পর্যন্ত এখানে পরিচালিত না হওয়ায় বিপদাপন্ন জনগোষ্ঠীর মধ্যে নারীরাই সবচেয়ে বেশী বিপদাপন্ন । নারী ও অসহায় প্রতিবন্ধিরা এখন চিহ্নিত হয়েছে উন্নয়নের মূল স্রোতধারার সক্রীয় প্রতিনিধি হিসেবে । মানব সৃষ্ট লিঙ্গ বৈষম্য বাংলাদেশের অন্যান্য স্থানের মতো এ অঞ্চলে বিদ্যমান । এখানে নারীরা শিক্ষা, চাকুরী, চলাচল, যোগাযোগ, সামাজিক ও রাজনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণ, মতামত প্রকাশ, স্বাস্থ্যসেবা ইত্যাদি কাজে অনেক বৈষম্যের স্বীকার হচ্ছে ।

প্রথাগত ও আইনগত অধিকারঃ আইনগত অধিকারের কারণে এখানে ছেলে সন্তান মা ও বাবার সম্পত্তিতে কন্যা সন্তানের দ্বিগুন পেয়ে থাকে । কিন্তু হিন্দু মেয়েরা তাদের মা-বাবার সম্পত্তিতে কোন অংশ পায় না । তারা শুধু জীবনসত্ত্ব হিসাবে শুধু ভোগদখলের অধিকার পায় কিন্তু সম্পত্তি বিক্রি করার কোন অধিকার তাদের নেই । এভাবেই চলছে এ অঞ্চলের লিঙ্গ বৈষম্য । এর মধ্য থেকে আমরা বেড়িয়ে আসতে না পারলে এ দেশের সার্বিক উন্নয়ন সম্ভব নয় । তাই এ বিষয়ে সকলকে সচেতন হতে হবে ।

সামাজিক ও রাজনৈতিক সংগঠনঃ বাংলাদেশের অন্যান্য স্থানের মতোই এই এলাকায় বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক সংগঠন । সামাজিক সংগঠনের মধ্যে রয়েছে ক্লাব, সিবিও ও সমবায় সমিতি । রাজনৈতিক সংগঠনের মধ্যে রয়েছে বাংলাদেশ আওয়ামীলীগ, বাংলাদেশ জাতীয়তাবাদী দল, জাতীয় পার্টি, জামায়াতে ইসলামী বাংলাদেশ ইত্যাদি ।

স্থানীয় দুর্যোগ প্রেক্ষিত

বৃষ্টিপাতের ধারা:২০০০ সালের পূর্বে মোহনপুর উপজেলার বৃষ্টিপাতের ধারা মোটমুটি নিয়মতান্ত্রিক ভাবে ছিল । কিন্তু ২০০০ সালের পড়ে বৃষ্টিপাতের এধারার পরিবর্তন লক্ষ করা যায় । বৃষ্টিপাতের ধারা পরিবর্তনের ফলে ফলে চৈত্র থেকে জ্যৈষ্ঠ মাসে প্রয়োজনীয় বৃষ্টি হচ্ছেনা । আবাব আষাঢ় মাসে বৃষ্টি না হয়ে শ্রাবন-আশ্বিন মাসে বৃষ্টি হয় । ফলে চাষাবাদ ব্যাহত হচ্ছে ।বিগত ত্রিশ বছরের বৈজ্ঞানিক উপাত্ত বিশ্লেষণ করলে দেখা যায় যে, রাজশাহী জেলার বার্ষিক গড় বৃষ্টিপতের পরিমান ক্রমশঃহ্রাস পাচ্ছে । ১৯৭৬-১৯৮৫ দশকে যেখানে মোট বার্ষিক বৃষ্টিপাতের গড় পরিমান পরিমান ছিল ১৬৩৯ মিমি, সেখানে ১৯৮৬-১৯৯৫ দশকে এসে কমে দাড়ায় ১৩৯২.৫ মিমি. ১৯৯৬-২০০৫ দশকে একটু বৃদ্ধি পেয়ে হয়েছে ১৫৮৫.৫ মিমি । যা নিচে দেখানো হলো



(সুত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর)

তাপদহের প্রবনতা ও ভবিষ্যত চিত্র: ২০/২৫ বছর আগে এলাকার তাপদহ স্বাভাবিক ছিল। একটানা খরা তখন ছিলনা ফলে তাপমাত্রা স্বাভাবিক ছিল। ইউনিয়নের তাপমাত্রা রেকর্ডের কোন ব্যবস্থা না থাকলেও লোকজন তাদের অভিজ্ঞতা ও পর্যবেক্ষণ থেকে জীবন জীবিকার উপর প্রভাব ও তাপদহ বৃদ্ধির প্রবনতা লক্ষ্য করেছে। এভাবে তাপদহ বৃদ্ধি পাওয়ার ফলে কৃষি উৎপাদন কমেছে, ফসল উৎপাদন ব্যয় বৃদ্ধি পেয়েছে,মানুষের রোগব্যধি বৃদ্ধি পেয়েছে। বিগত ত্রিশ বছরের বৈজ্ঞানিক উপাত্ত বিশ্লেষণ করলে দেখা যায় যে, রাজশাহী জেলার বার্ষিক গড় তাপমাত্রার পরিমান ক্রমশঃবৃদ্ধি পাচ্ছে। **১৯৭৬-১৯৮৫** দশকে যেখানে মোট বার্ষিক গড় তাপমাত্রার পরিমান ছিল **৩১.১** ডিগ্রী সেলসিয়াস, সেখানে **১৯৮৬-১৯৯৫** দশকে এসে বেড়ে দাড়িয়েছে ৩১.২৫ ডিগ্রী সেলসিয়াস,. **১৯৯৬-২০০৫** দশকে তাপমাত্রা কিছুটা কমে হয়েছে **৩১.০৬** ডিগ্রী সেলসিয়াস, । যা নিচে দেখানো হলো।



(সুত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর)

অবস্থা ও আর্সেনিক দূষন: ১৯৯৮ সাল থেকে মোহনপুর উপজেলার ভূ-গর্ভস্থ পানির স্তর নিচে নেমে যেতে শুরু হয়েছে। কিছু দিন আগেও ভূ-গর্ভস্থ পানির স্তর স্বাভাবিক ছিল। তখন গভীর অগভীর নলকূপে স্বাভাবিক ভাবে পানি উঠত। বর্তমানে নদী খাল শুকিয়ে যাওয়ায় কৃষি কাজে সেচের পরিমান বৃদ্ধির জন্য ভূ-গর্ভস্থ পানির ব্যবহার অধিক পরিমানে বৃদ্ধি পাওয়ায় ও ফারাক্কার পানি সঠিক বন্টন না হওয়ায় খরার মাত্রা বৃদ্ধি পাওয়ায় পানির স্তর ক্রমশঃ নিচে নেমে যাচ্ছে। ফলে অগভীর নলকূপ থেকে খরা মৌসুমে আর পানি উঠছে না । মোহনপুর উপজেলায় আর্সেনিক যুক্ত নলকূপের সংখ্যা মোট **১৭৮**টি।

বিগত বন্যাসমুহে পানির স্তর সময়কাল ও ব্যাপ্তি: মোহনপুর উপজেলায় এ যাবৎ কালের সবচেয়ে বড় বন্যা হলো **১৯৯৫** সালের বন্যা। এর পর **১৯৮৮** ও **১৯৯৮** সালের বন্যা উল্লেখযোগ্য। এই তিনটি বন্যাতেই এই উপজেলার সমস্ত বাড়ীঘর, রাস্তাঘাট, হাটবাজার ফসলের মাঠ ডুবে গিয়ে এলাকার জনসাধারণের ব্যপক ক্ষয়ক্ষতি হয়। এছাড়া প্রতি বছর যে বন্যা হয় সে বন্যায় তেমন কোন ক্ষতি হয় না।

খরা প্রবণতা ও ভবিষ্যত চিত্রঃ ১৯৮১ সালের পর থেকে উপজেলার জনগণ খরার তাপমাত্রা বৃদ্ধির প্রবনতা লক্ষ্য করেছে। বর্তমানে ২/৩ বছর পর পর অগ্রাহায়ণ থেকে শুরু করে বৈশাখ মাস পর্যন্ত একটানা খরা অব্যাহত থাকে। ভবিষ্যতে খরার প্রবনতা আরো বাড়তে পারে বলে এলাকার মানুষ মনে করেন।

অতীতে সংগঠিত সাইক্লোনের/ টর্নেডো গতি প্রকৃতি ওসম্ভাব্যতা: বঙ্গোপসাগর থেকে রাজশাহী জেলার অবস্থান অনেক দুরে হওয়ার কারণে নিম্নচাপ কিংবা লঘুচাপের কারণে যে বৃষ্টিপাত ও ঘুর্ণিঝড় হয় তার প্রভাব খুব একটা পড়েনা। কোন বড় ধরণের ঘুর্ণিঝড় হলে তখন টানা ৩/৪ দিন বৃষ্টি হয়। টর্নেডোও এ পর্যন্ত সংঘঠিত হয়নি। তবে মাঝে মধ্যে কালবৈশাখী ঝড় সংগঠিত হয়।

শিলা বৃষ্টির প্রবনতা:২০/২৫ বছর আগে দুই এক বছর পর পর শিলাবৃষ্টি সংঘটিত হতো। তাতে জমির ফসল , আম ইত্যাদি ক্ষতি হতো। দির্ঘ দিন যাবৎ শিলা বৃষ্টি পরিলক্ষিত হয় নাই। অতি সাম্প্রতিক অর্থাৎ ২০০৭ সালের ফাল্গুন-বৈশাখ মাসে ৪/৫ বার শিলা বৃষ্টি সংঘঠিত হয়েছে। এ কারণে এলাকার ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে। নষ্ট হয়েগেছে হাজার হাজার গাছের আম।

শৈত্যপ্রবাহের প্রবনতা ও ভবিষ্যত চিত্র: ১০/১৫ বছর আগেও একটা নির্দিষ্ট সময়ে শীত আসত ও নিদিষ্ট সময়ে চলে যেত। পৌষ- মাঘ মাসে তখন শীত অনুভূত হতো। কিন্তু ১৯৯৫ সালের বন্যার পর থেকে পরিবর্তন লক্ষ্য করা গেছে, তখন থেকে আর নিয়ম অনুযায়ী আর শীত আসে না। এক টানা ৭/৮ দিন সূর্য্য উঠেনা, হাড় কাপানো শীত পড়ে , সাথে ঘনকুয়াশা পড়ে। শৈত্যপ্রবাহ ও ঘনকুয়াশার কারণে রবি শষ্যের ব্যাপক ক্ষতি করে। মানুষের রোগ ব্যাধি বৃদ্ধি পায়। শৈত্যপ্রবাহের প্রবনতা ভবিষ্যতে আরো বৃদ্ধি পেতে পারে বলে এলাকার মানুষ মনে করে।

ভিজিএফ/টিআর ঃ আপদকালীন সময়ের দুঃস্থ মানুষের ০৩ মাস সময়ের জন্য পরিবার প্রতি মাসে ১০ কেজি চাল প্রদান করা হয়। এছাড়াও বিভিন্ন আপদ কালীন সময়ে ও দুর্যোগ পরবর্তী সময়ে রাস্তাঘাট মেরামত, ব্রীজ কালভার্ট মেরামত ইত্যাদি কাজ টেস্ট রিরিফের করা হয়।

কাবিখাঃ গ্রামীন অবকাঠামো উন্নয়ন, রাস্তাঘাট তৈরী, খাল পুনঃখনন, সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠান উন্নয়ন কাজ কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর আওতায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস ও ইউনিয়ন পরিষদের মাধ্যমে এ কাজের বরাদ্ধ দেওয়া হয়।

কাবিটাঃ উপজেলার ব্রীজ , কালভার্ট, বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের অবকাঠামো উন্নয়নের জন্য কাজের বিনিময়ে টাকা (কাবিটা) মাধ্যমে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ফ্যাসিলিটিজ বিভাগ ঠিকাদার নিয়োগ করে স্থানীয় সরকারের মাধ্যমে কাজ করে থাকে।

ভিজিডিঃ উপজেলার দুঃস্থ নারী ও তার পবিরারকে খাদ্য সহায়তা হিসাবে মাসে ১৫কেজি পুষ্টি আটা ও ১৫০/- টাকা হিসাবে ভিজিডি নারীদের সর্বমোট ২৪ মাস ব্যাপি সহায়তা প্রদান করা হয়। এর পাশাপাশি সকল ভিজিডি নারী স্বাবলম্বী হওয়ার জন্য সাপ্তাহিক সচেতনতামূলক সভা ও দুটি আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। এখানে ভিজিডি কার্ডধারীর সংখ্যা মোট ১১৮২ টি।

দুর্যোগ আশ্রয় কেন্দ্রঃ এখানে কোন দুর্যোগ আশ্রয় কেন্দ্র নাই। আশ্রয় কেন্দ্র না থাকায় বিগত বড় বন্যাসমুহে মানুষ নিজ বাড়ীতে মাচান উচু করে ও অনেকে স্কুলে আশ্রয় নিয়েছিল।

দুর্যোগ ঝুঁকি মোকাবেলায় প্রথাগত প্রস্তুতি ও মোকাবেলার ব্যবস্থাঃ

-আকাশের বৃষ্টির দিকে না তাকিয়ে স্যালো মেশিনের সেচের মাধ্যমে চাষাবাদ করে।
-সেচ দিয়ে বীজ বপন করে।
-জলাবদ্ধতা সৃষ্টি হলে বাঁধ কেটে পানি বেড় করে দেয়।
- পানির স্তর নিচে নেমে যাওয়ার কারণে গভীর নলকূপ স্থাপন করে।
-আলগা চুলায় রান্না বান্না করে।
-জ্বালানী সংগ্রহ করে রাখে।
-শুকনো খাদ্য তৈরী করে রাখে।
-দূর্বল ঘরবাড়ী মেরামত করে।
-পানির অপচয় কমানোর জন্য লম্বা প্লাস্টিক পাইপ ব্যবহার করে।

সার্বিক দুর্যোগ ইতিহাসঃ ভৌগলিক অবস্থান এবং মৌসুমী জলবায়ুর প্রভাবে প্রাকৃতিক দুর্যোগ এদেশে প্রতিনিয়ত ঘটে থাকে। যার ফলে জীবনযাত্রা এবং উন্নয়ন কার্যক্রম চরমভাবে বাঁধাগ্রস্থ হয়ে জাতীয় উন্নয়ন এবং সম্বৃদ্ধি হুমকির সম্মুখিন হচ্ছে। স্বাধীনতাত্তোর বাংলাদেশে পূর্নগঠন কার্যক্রম শুরু হলে বন্যা, ঘূর্ণিঝড়, খরা, অনাবৃষ্টি এবং পরিবেশ বিপর্যয়ের ফলে প্রাকৃতিক দুর্যোগে থমকে যায় দেশের উন্নয়ন কার্যক্রম। এলাকার সার্বিক দুর্যোগ ইতিহাস বিশ্লেষন করলে দেখা যায় ১৯৮৮,১৯৯৫ও ১৯৯৮ সালের বন্যা এলাকায় নেতিবাচক প্রভাব ফেলেছিল। এ ছাড়াও ১৯৮১ সালের খরায় নষ্ট হয়েগিয়েছিল সমস্ত ফসল ফলে এলাকায় দেখা দিয়েছিল চরম খাদ্য সংকট।

এলাকার সার্বিক আপদসমূহ ও বিপদাপন্নতা

সকল আপদ চিহ্নিতকরণঃ ইউনিয়নের ওয়ার্ড ভিত্তিক চারটি স্টেক হোল্ডার দলে কৃষক, প্রতিবন্ধি, মহিলা ও ভূমিহীনদের আলাদা ভাবে চারটি ভেন্যুতে সকল আপদ চিহ্নিতকরণ কাজ শুরু করা হয়। প্রথমে সহায়ক অংশগ্রহণকারীদের নিকট সিআরএ কার্যক্রমের উদ্দেশ্য ও পদ্ধতি ব্যাখ্যা করেন। অতঃপর উক্ত দিবসে তাদের সাথে কি ধরনের কাজ করা হবে তা ব্যাখ্যা করা হয়। এরপর অংশগ্রহণকারীদের নিকট আপদের সংজ্ঞা ব্যাখা করার পর সহায়ক তাদের নিকট জানতে চান তাদের এলাকায় ইতিমধ্যে যে সমস্ত আপদ সংগঠিত হয়েছে এবং ভবিষ্যতে ঘটার সম্ভাবনা রয়েছে তা কি কি হতে পারে। উপস্থিত সকলে বিস্তারিত আলোচনা করে সমঝোতার ভিত্তিতে আপদগুলো নির্ধারন করেন। ইউনিয়ন/পৌরসভার সমস্ত আপদ একীভূত করা হয়। পরবর্তীতে ইউনিয়ন/পৌরসভার আপদ একত্রিত করে উপজেলার আপদ পাওয়া যায়

ক্রমিক নং	আপদের নাম	ক্রমিক নং	আপদের নাম
১.	বন্যা	৭.	পানির স্তর নিচে নামা
২.	খরা	৮.	পোকার আক্রমণ
৩.	কালবৈশাখী ঝড়	০৯	গবাদী পশুপাখির রোগ
৪.	শিলাবৃষ্টি	১০	অতিবৃষ্টি
৫.	কুয়াশা	১১	জলাবদ্ধতা

৬.	পান গাছের গোড়া পচন		

আপদের মৌসুমী দিনপঞ্জিঃ

আপদের মৌসুমী দিনপঞ্জি সিআরএ কার্যক্রমের অন্যতম গুরুত্বপূর্ণ অংশ । এ কাজটি বাস্তবায়নে সহযোগিতা করেন ইউপি মেম্বর, স্থানীয় আমিন, স্কুল শিক্ষক, ও সিআরএ কর্মশালার স্টেকহোল্ডারবৃন্দ। প্রথমে সহায়কগণ এ এলাকায় কি কি আপদ সংগঠিত হয় তা অংশগ্রহণবারীদের মতামতের ভিত্তিতে একটি তালিকা তৈরী করা হয়। অতপর অংশগ্রহণকরী সকলকে আপদকালিন মাস চিহ্নিত করার জন্য অনুরোধ করা হয় । অতপর অংশগ্রহণকারীগন তাদের নিজেদের মধ্যে আলোচনা করে সংশ্লিষ্ট ঘরের নিচে দাগ প্রদান করেন এবং কোন সময় কম/বেশী আপদ সংঘঠিত হয় তা বক্ররেখার মাধ্যমে প্রকাশ করা হয়। এভাবে একটি ওয়ার্ডের আপদের মৌসুমী দিনপঞ্জি প্রস্তুত করা হয়। পরবর্তীতে ০৩টি ওয়ার্ডে আপদের মৌসুমী দিনপঞ্জি একীভূত করে একটি ইউনিয়ন আপদের মৌসুমী দিনপঞ্জি প্রস্তুত করা হয়। ইউনিয়ন/পৌরসভার সমস্ত আপদ একীভূত করা হয়। পরবর্তীতে ইউনিয়ন/পৌরসভার আপদ একত্রিত করে উপজেলার আপদের মৌসুমী দিনপঞ্জি পাওয়া যায়।

আপদ	বৈশাখ	জ্যৈষ্ঠ	আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বিন	কার্তিক	অগ্রহায়ণ	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র
বন্যা												
খরা												
কালবৈশাখী												
শিলাবৃষ্টি												
কুয়াশা												
পান গাছের গোড়া পচন												
পানির স্তর নিচে নেমে যাওয়া												
পোকার আক্রমন												
গবাদি পশুপাখির রোগ												
অতিবৃষ্টি												
জলাবদ্ধতা												

বন্যাঃ মোহনপুর উপজেলায় সাধারণত আষাঢ়ের মাঝামাঝি সময় থেকে কার্তিক মাসের মাঝামাঝি পর্যন্ত বন্যা দেখা যায়। আষাঢ় মাসের মধ্য থেকে শুরু হয় এবং তা ক্রমান্বয়ে বাড়তে থাকে। শ্রাবণ ও ভাদ্র তা প্রচন্ড আকার ধারণ করে কার্তিক মাসের মাঝামাঝি শেষ হয়। ফলে এই ইউনিয়নের ফসল,অবকাঠামো, জনস্বাস্থ্য ও গবাদি পশুপাখির ব্যাপক ক্ষতি হয়।

খরাঃ খরা সাধারণত ফাল্গুন মাসের শেষ সপ্তাহ থেকে শুরু হয়ে জ্যৈষ্ঠ মাস পর্যন্ত স্থায়ী হয়। ফাল্গুন মাসের শেষে শুরু হয়ে আস্তে আস্তে বাড়তে থাকে চৈত্র থেকে জ্যৈষ্ঠের অর্ধেক সময় পর্যন্ত তা তীব্র আকার ধারণ করে। জ্যৈষ্ঠের অর্ধেক থেকে খরার তীব্রতা কমে জ্যৈষ্ঠ মাসেই শেষ হয়। ফলে এই ইউনিয়নের ফসল ও গবাদি পশুপাখির ব্যাপক ক্ষতি হয়।

ঘনকুয়াশাঃ অগ্রাহায়ণ মাসের শেষ সপ্তাহ থেকে ফাল্গুন মাসের শেষ সপ্তাহ পর্যন্ত ঘনকুয়াশা দেখা যায়। কার্তিকে অল্প অল্প করে ঘনকুয়াশা পড়তে থাকে। পৌষ-মাঘ মাসে তা প্রচন্ড আকার ধারণ করে ফাল্গুন মাসের শেষ সপ্তাহে শেষ হয়। ফলে পিয়াজ ও রবিশষ্যের ক্ষতি হয়।

কালবৈশাখীঃ চৈত্রের শেষ সপ্তাহ থেকে জ্যৈষ্ঠ মাস পর্যন্ত কালবৈশাখী ঝড় স্থায়ী হয়। চৈত্র মাস থেকে শুরু হয়ে জ্যৈষ্ঠের মাঝামাঝি সময়ে তা প্রচন্ড আকার ধারণ করে জ্যৈষ্ঠ মাসেই শেষ হয়ে যায়। এই সময়ে ইরি বোরো ধান ও অবকাঠামোর ক্ষতি করে থাকে।

শিলাবৃষ্টি ঃ মোহনপুর উপজেলায় অন্যতম আপদ শিলাবৃষ্টি । ২/৩ বছর পর পর সংগঠিত হতে দেখা যায়। এর ফলে এই ইউনিয়নে ফসল, আম, পানের ব্যাপক ক্ষতি হতে দেখা যায়।

[

পান পচনঃ পান পচন আপদটি মোহনপুর উপজেলায় অন্যতম আপদ। এলাকার প্রায় সকল পান বরজেই সাড়া বছরই পান পচন রোগ দেখা যায়। এতে পান চাষীদের ব্যাপক আর্থিক ক্ষতি হয়।

জলাবদ্ধতাঃ মোহনপুর উপজেলায় সকল ইউনিয়ন ও পৌরসভার নিচু বিলগুলোতে সারা বছরই জলাবদ্ধতা দেখা দেয়। ফলে মোহনপুর উপজেলার উৎপাদন ব্যহত হয়।

[

অতিবৃষ্টিঃ মোহনপুর উপজেলায় সাধারনত ভাদ্রের দ্বিতীয় সপ্তাহ থেকে কার্তিকের দ্বিতীয় সপ্তাহ পর্যন্ত অতিবৃষ্টি দেখা দেয়। অতিবৃষ্টি ৭-১৫ দিন পর্যন্ত বিরামহীন ভাবে অবস্থান করে। ফলে এলাকার ফসল ও শাক সবজীর ব্যাপক ক্ষতি করে।

পোকার আক্রমণ ও ভাইরাসঃ মোহনপুর উপজেলায় সাধারণত সারা বছরই ফসলে পোকা ও ভাইরাসের আক্রমণ পরিলক্ষিত হয়। এর ফলে ফসল, শাকসবজী ও ফলমূলের ব্যাপক ক্ষতি হয়ে থাকে। ক্ষতির দিক থেকে রায়ঘাটি ইউনিয়নের ষষ্ঠতম আপদ।

পানির স্তর নিচে নামাঃ মোহনপুর উপজেলায় প্রতি বছরই পানির স্তর নিচে নেমে যায়। ফলে এলাকার অধিকাংশ হস্তচালিত নলকূপগুলোতে পানি উঠে না ফলে নিরাপদ পানির চরম সংকট দেখা দেয়। এর ফলে মানুষের সেনিটেশন ও স্বাস্থ্য বিপর্যয় ঘটে। এছাড়া ও ফসলের জমিতে পানির অভাবে সেচ কাজের বিঘ্ন ঘটে। ক্ষতির দিক থেকে এর স্থান সপ্তম।

গবাদী পশুপাখির রোগঃ মোহনপুর উপজেলায় সাধারণত সারা বছরই গবাদিপশু পাখির রোগ হয়ে থাকে এতে এলাকার গবাদিপশুপাখি রোগে আক্রান্ত হয়ে ব্যাপক ক্ষতি করে থাকে।

জীবিকার মৌসুমী দিনপঞ্জিঃ জীবিকার মৌসুমী দিনপঞ্জি সিআরএ কার্যক্রমের অন্যতম গুরুত্বপূর্ণ অংশ । এ কাজটি বাস্তবায়নে সহযোগিতা করেন ইউপি মেম্বর, স্থানীয় আমিন, স্কুল শিক্ষক, ও সিআরএ কর্মশালার স্টেকহোল্ডারবৃন্দ। প্রথমে সহায়কগণ এ এলাকায় কি কি প্রধান জীবিকা রয়েছে তা আলোচনা করতে অনুরোধ করেন। অংশগ্রহণকারীদের মতামতের ভিত্তিতে জীবিকার একটি তালিকা তৈরী করা হয়। অতঃপর অংশগ্রহণকরী সকলকে প্রত্যেকটি জীবিকার ব্যস্ততম সময় /মাস চিহ্নিত করার জন্য অনুরোধ করা হয় । অতঃপর অংশগ্রহণকারীগণ তাদের নিজেদের মধ্যে আলোচনা করে সংশ্লিষ্ট ঘরের নিচে দাগ প্রদান করেন এবং কোন সময় কম/বেশী তা বক্ররেখার মাধ্যমে প্রকাশ করা হয়। এভাবে একটি ওয়ার্ডের জীবিকার মৌসুমী দিনপঞ্জি প্রস্তুত করা হয়। পরবর্তীতে ০৩টি ওয়ার্ডে জীবিকার মৌসুমী দিনপঞ্জি একীভূত করে একটি ইউনিয়ন জীবিকার মৌসুমী দিনপঞ্জি প্রস্তুত করা হয়। সকল ইউনিয়নের জীবিকার মৌসুমী দিনপঞ্জি একত্রিত করে উপজেলার মৌসুমী দিনপঞ্জি প্রস্তুত করা হয়।

জীবনযাত্রা	বৈশাখ	জ্যৈষ্ঠ	আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বিন	কার্তিক	অগ্রহায়ণ	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র
কৃষক												
মৎস্যচাষী												
জেলে												
ক্ষুদ্রব্যবসায়ী												
কামার												
কুমার												
রেশমচাষী												
দিনমজুর												
কুটির শিল্প												

কৃষিকাজঃ এখানকার কৃষি কাজের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে রবি মৌসুমে আলু, পিয়াজ,গম, শরিষা,খেসারী, মসুরী ইত্যাদি । এছাড়া প্রায় সারা বছরই সেচ দিয়ে ইরি বোরো ধান চাস হয় । খরিপ মৌসুমে পাটের চাষ হয় তাছাড়া সারা বছরই সবজীর চাষ হয় । বৈশাখ থেকে চৈত্রমাস পর্যন্ত কৃষি কাজ চলে । বৈশাখ থেকে জ্যৈষ্ঠ মাস পর্যন্ত পুরোদমে চলে শ্রাবণ মাসে কমতে থাকে,ভাদ্রমাসে কাজ কিছুটা বেড়ে আশ্বিন মাসে কাজ কিছুটা কমতে থাকে পরবর্তীতে কার্তিক মাসের শেষ সপ্তাহ থেকে ফাল্গুন মাসের শেষ সপ্তাহ পর্যন্ত পুরোদমে চলতে থাকে আবার চৈত্রমাসে কৃষিকাজ কিছুটা কমে যায় ।

মৎস্যচাষীঃ মোহনপুর উপজেলায় বৈশাখ মাস থেকে চৈত্রমাস পর্যন্ত সারা বছরই মৎস্যচাষীদের মৎস্য চাষ করতে দেখা যায় । বৈশাখ মাস থেকে শুরু হয়ে জ্যৈষ্ঠ মাসে ব্যাপক আকার ধারণ করে । আষাঢ় থেকে ফাল্গুনমাস পর্যন্ত প্রায় একই রকম থাকে । চৈত্রমাসে মাছ চাষ কিছুটা কমে গিয়ে বৈশাখ মাসে আবার শুরু হয় ।

মাছ আরোহণঃ মোহনপুর উপজেলায় শ্রাবণ থেকে মাঘমাস পর্যন্ত মাছ আরোহণ কাজ চরে ঘাসিগ্রাম ইউনিয়নে । শ্রাবণ থেকে শুরু হয়ে আশ্বিন মাস পর্যন্ত একই রকম চলে । পৌষ মাস থেকে আস্তে আস্তে কমে গিয়ে মাঘ মাসে মৎস্য আহোরণের কাজ শেষ হয় ।

ক্ষুদ্র ব্যবসাঃমোহনপুর উপজেলায় বৈশাখ মাস থেকে চৈত্রমাস পর্যন্ত সারা বছরই ক্ষুদ্র ব্যবসা করতে দেখা যায় । বৈশাখ মাস থেকে শুরু হয়ে জ্যৈ থেকে শ্রাবণ পর্যন্ত পুরোদমে চলে । আবার আশ্বিন থেকে চৈত্র পর্যন্ত একই রকম চলতে থাকে ।

দিনমজুরঃ বৈশাখ মাস থেকে চৈত্রমাস পর্যন্ত সারা বছরই দিন মজুরের কাজ চলে। বৈশাখ থেকে জ্যৈষ্ঠ মাস পর্যন্ত পুরোদমে চলে শ্রাবণ মাসে কমতে থাকে,ভাদ্রমাসে কাজ কিছুটা বেড়ে আশ্বিন মাসে কাজ কিছুটা কমতে থাকে পরবর্তীতে কার্তিক মাসের শেষ সপ্তাহ থেকে ফাল্গুন মাসের শেষ সপ্তাহ পর্যন্ত পুরোদমে চলতে থাকে আবার চৈত্রমাসে দিনমুজুরের কাজ কিছুটা কমে যায়।

গবাদিপশু পালন ঃ মোহনপুর উপজেলায় কিছু সংখ্যক লোক গবাদি পশুপালন করে। বৈশাখ মাস থেকে চৈত্রমাস পর্যন্ত সারা বছরই গবাদিপশু পালন কাজ চলে। চৈত্র থেকে বৈশাখ মাস পর্যন্ত একটু কম থাকে জ্যৈষ্ঠ থেকে ফাল্গুন মাস পর্যন্ত পুরোদমে চলে গবাদিপশু পালন কাজ।

রেশমপোকা চাষঃ রেশমপোকা চাষ সাধারণত বছরে তিনটি সময়ে হয়ে থাকে। তা হলো চৈত্র, জ্যৈষ্ঠ ও ভাদ্র উল্লেখিত সময়ে রেশম চাষীগণ বেশী ব্যাস্থ থাকে।

কামারঃ বৈশাখ মাস থেকে চৈত্রমাস পর্যন্ত সারা বছরই কামারের কাজ চলে। আষাঢ় থেকে আশ্বিন মাস পর্যন্ত কাজের চাপ কম থাকে। কার্তিক থেকে জ্যৈষ্ঠ পর্যন্ত কাজের চাপ বেশী থাকে।
কুমারঃ বৈশাখ হতে ভাদ্রের প্রথম সপ্তাহ পর্যন্ত কাজের চাপ কম থাকে। ভাদ্রের দ্বিতীয় সপ্তাহ থেকে চৈত্রমাস পর্যন্ত কাজের চাপ বেশী থাকে।

আপদের ক্ষতির মাত্রা ও সম্ভাব্যতা (ভেন):

আপদের ক্ষতির মাত্রা ও সম্ভাব্যতা নির্নয় সিআরএ কার্যক্রমের বিশেষ গুরুত্বপূর্ণ । এ কাজটি বাস্তবায়নে সহযোগিতা করেন ইউপি মেম্বর, স্থানীয় আমিন, স্কুল শিক্ষক ও সিআরএ কর্মশালার স্টেকহোল্ডারবৃন্দ। প্রথমে সহায়কগণ অংশগ্রহণবারীদের এলাকায় ইতিমধ্যে যে সমস্ত আপদ সংগঠিত হয়েছে এবং ভবিষ্যতে ঘটার সম্ভাবনা রয়েছে তা কি কি হতে পারে তা উপস্থিত সকলে বিস্তারিত আলোচনা করে সমঝোতার ভিত্তিতে আপদগুলো নির্ধারন করে একটি তালিকা তৈরী করা হয় । অংশগ্রহণকারীদের একজন তালিকাটি পড়ে শোনান এবং আর কোন আপদ বাদ পড়েছে কিনা তা জানার পরে তালিকায় তা অন্তর্ভূক্ত করা হয়। অতঃপর বিভিন্ন আকৃতির গোলাকার রঙ্গিন কাগজের টুকরো ক্ষতির পরিমানের ভিত্তিতে অংশগ্রহণকারীগণ এক একটি আপদ হিসাবে চিহ্নিত করেন। কাগজের আকৃতি বড় হওয়ার অর্থ হচ্ছে আপদটি ব্যাপক ক্ষতি করে আর ছোট হওয়ার অর্থ হচ্ছে ক্ষতির পরিমান কম। অতপর ব্রাউন পেপারে মাঝখানে ওয়ার্ডে কেন্দ্রবিন্দু ধরে আপদের ঘটন সংখ্যা অনুযায়ী সবচেয়ে বেশীবার ঘটে এমন আপদ কেন্দ্রের সবচেয়ে কাছে এই প্রক্রিয়ায় বাকী আপদগুলো পর্যায়ক্রমে ব্রাউন পেপারে বসানো হয়। এভাবে একটি ওয়ার্ডের আপদের ক্ষতির মাত্রা ও সম্ভাব্যতা প্রস্তত করা হয়। ০৩টি ওয়ার্ডে আপদের ক্ষতির মাত্রা ও সম্ভাব্যতা একীভূত করে একটি ইউনিয়ন আপদের ক্ষতির মাত্রা ও সম্ভাব্যতা প্রস্তুত করা হয়। পরবর্তীতে সকল ইউনিয়নের ফলাফল একত্রিত করে উপজেলার সার্বিক তথ্য পাওয়া যায়।



বন্যাঃ মোহনপুর উপজেলার সবচেয়ে বড় আপদ বন্যা। কোন কোন ইউনিয়নে বছরে একবার কোন কোন ইউনিয়নে বছর দুইবার বন্যা হতে দেখা যায়। এর ফলে এই উপজেলার নিম্ন অঞ্চলের ফসল, ঘরবাড়ী ও শিক্ষা প্রতিষ্ঠান ক্ষতি গ্রস্থ হতে দেখা যায়।

খরাঃ খরা মোহনপুর উপজেলার দ্বিতীয়তম আপদ। ২/১ বছর পর পর এ উপজেলায় খরা দেখা যায়। এই আপদের কারণে কৃষি ফসলের ব্যাপক ক্ষতি হয়ে থাকে ও পুকুর শুকিয়ে যাওয়া কারণে মাছ চাষে চরমব্যাঘাত ও অর্থনৈতিক ক্ষতি হয়ে থাকে।

কালবৈশাখীঃ মোহনপুর উপজেলার তৃতীয়তম আপদ হলো কালবৈশাখী ঝড় ।এই আপদ প্রায় প্রতি বছরই দেখা যায়। এই আপদের কারণে কৃষি ফসলের ব্যাপক ক্ষতি হয় এছাড়াও ঘর বাড়ী গাছপালা বিনষ্ট করে ফেলে যার ফলে মানুষের বসবাসের চরম ব্যাঘাত ঘটে ও অর্থনৈতিক ক্ষতিগ্রস্থ হয় ।

কুয়াশাঃ অংশগ্রহণকারীদের দেওয়া তথ্যমতে এ উপজেলার চতুর্থতম আপদ হলো কুয়াশা । প্রতিবছরই এলাকায় ঘনকুয়াশা পড়তে দেখা যায়। এর ফলে আলু,পান, আম, গবাদিপশুর ব্যাপক ক্ষতি হয়।

শিলাবৃষ্টি ঃ মোহনপুর উপজেলার অন্যতম আপদ শিলাবৃষ্টি । ২/৩ বছর পর পর সংগঠিত হতে দেখা যায়। এর ফলে এই ইউনিয়নে ফসল, আম, পানের ব্যাপক ক্ষতি হতে দেখা যায়।

গবাদী পশুপাখির রোগঃ মোহনপুর উপজেলায় সাধারণত সারা বছরই গবাদিপশু পাখির রোগ হয়ে থাকে এতে এলাকার গবাদিপশুপাখি রোগে আক্রান্ত হয়ে ব্যাপক ক্ষতি করে থাকে।

পানির স্তর নিচে নামাঃ মোহনপুর উপজেলায় প্রতি বছরই পানির স্তর নিচে নেমে যায়। ফলে এলাকার অধিকাংশ হস্তচালিত নলকূপগুলোতে পানি উঠে না ফলে নিরাপদ পানির চরম সংকট দেখা দেয়। এর ফলে মানুষের সেনিটেশন ও স্বাস্থ্য বিপর্যয় ঘটে। এছাড়া ও ফসলের জমিতে পানির অভাবে সেচ কাজের বিঘ্ন ঘটে। ক্ষতির দিক থেকে এর স্থান সপ্তম।

পোকার আক্রমণ ও ভাইরাসঃ মোহনপুর উপজেলায় সাধারণত সারা বছরই ফসলে পোকা ও ভাইরাসের আক্রমণ পরিলক্ষিত হয়। এর ফলে ফসল, শাকসবজী ও ফলমূলের ব্যাপক ক্ষতি হয়ে থাকে। ক্ষতির দিক থেকে রায়ঘাটি ইউনিয়নের ষষ্ঠতম আপদ।

অতিবৃষ্টিঃ মোহনপুর উপজেলায় সাধারনত ভাদ্রের দ্বিতীয় সপ্তাহ থেকে কার্তিকের দ্বিতীয় সপ্তাহ পর্যন্ত অতিবৃষ্টি দেখা দেয়। অতিবৃষ্টি ৭-১৫ দিন পর্যন্ত বিরামহীন ভাবে অবস্থান করে। ফলে এলাকার ফসল ও শাক সবজীর ব্যাপক ক্ষতি হয়।

জলাবদ্ধতাঃ মোহনপুর উপজেলায় সকল ইউনিয়ন ও পৌরসভার নিচু বিলগুলোতে সারা বছরই জলাবদ্ধতা দেখা দেয়। ফলে মোহনপুর উপজেলার উৎপাদন ব্যহত হয়।
পান পচনঃ পান পচন আপদটি মোহনপুর উপজেলায় অন্যতম আপদ। এলাকার প্রায় সকল পান বরজেই সাড়া বছরই পান পচন রোগ দেখা যায়। এতে পান চাষীদের ব্যাপক আর্থিক ক্ষতি হয়।

বিপদাপন্ন খাত

সকল আপদ চিহ্নিত করার পর উক্ত আপদগুলো দ্বারা এই ইউনিয়নের কোন কোন খাতকে চিহ্নিত করে তা অংশগ্রহণকারীদের নিকট জানতে চাইলে সকল অংশগ্রহণকারীগনের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। পরবর্তীতে অংশগ্রহণকারীদের মধ্য থেকে একজন সহায়কের পূর্বে তৈরী করা ছকে (■) চিহ্নের মাধ্যমে প্রকাশ করেন। অতপর ওয়ার্ড ভিত্তিক চারটি বিপদাপন্নখাতসমুহ একত্রিকরণ করা হয়, পরবর্তীতে তিনটি ওয়ার্ডের বিপদাপন্নখাতসমুহ একত্রিকরণের মাধ্যমে ইউনিয়নের বিপদাপন্ন খাতসমূহ চিহ্নিত করা হয়। শেষে উপজেলার অর্ন্তগত ইউনিয়ন/পৌরসভার সমস্ত খাতগুলো একত্রিকৃত করার মাধ্যমে মোহনপুর উপজেলার বিপদাপন্নখাত চিহ্নিত করা হয়।

আপদ	বিপদাপন্ন খাত					
	কৃষি	মৎস্য	অবকাঠামো	স্বাস্থ্য	গবাদীপশু	কুঠির শিল্প
বন্যা	■	■	■	■	■	■
খরা	■	■	-	■	■	-
কালবৈশাখী ঝড়	■	■	■	■	-	■
শিলাবৃষ্টি	■	-	■	■	■	-
কুয়াশা	■	■	-	■	-	-
পান গাছের গোড়া পচন	■	-	-	-	-	-
পানির স্তর নিচে নামা	■	■	-	■	-	-

পোকার আক্রমণ ওভাইরাস	■	-	-	-	-	-
গবাদিপশুপাখির রোগ	-	-	-	-	■	-
অতিবৃষ্টি	■	-	-	-	-	-
জলাবদ্ধতা	■	-		-	-	-

বিপদাপন্ন সামাজিক উপাদান

সকল আপদ ও বিপদাপন্ন খাত চিহ্নিত করার পর উক্ত আপদগুলো দ্বারা এই ইউনিয়নের কি কি উপাদান ক্ষতিগ্রস্থ হচ্ছে তা অংশগ্রহণকারীদের নিকট জানতে চাইলে সকল অংশগ্রহণকারী বিস্তারিত আলোচনা করে মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। পরবর্তীতে অংশগ্রহণকারীদের মধ্য থেকে একজন সহায়কের পূর্বে তৈরী করা ছকে (■) চিহ্নের মাধ্যমে প্রকাশ করেন। অতপর ওয়ার্ড ভিত্তিক চারটি স্টেক হোল্ডার দলের বিপদাপন্ন উপাদনসমুহ একত্রিকরণ করে ওয়ার্ডের বিপদাপন্ন উপাদান চিহ্নিত করা হয়, অতপর তিনটি ওয়ার্ডের বিপদাপন্ন উপাদান একত্রিকরণের মাধ্যমে ইউনিয়নের বিপদাপন্ন উপাদান চিহ্নিত করা হয়। পরবর্তীতে উপজেলার অর্ন্তগত ইউনিয়ন/পৌরসভার সমস্ত বিপদাপন্ন উপাদানসমুহ একত্রিকৃত করার মাধ্যমে মোহনপুর উপজেলার বিপদাপন্ন উপাদান চিহ্নিত করা হয়

বিপদাপন্ন উপাদান	আপদ সমুহ						
	বন্যা	কুয়াশা	খরা	শিলাবৃষ্টি	কালবৈশাখী ঝড়	পোকার আক্রমণ ওভাইরাস	পানির স্তর নিচে নামা
ফসল	■	■	■	■	■	■	■
জমি	■	-	-	-	-	-	■
বীজ	■	■	■	■	■	-	■
হাট বাজার	■	-	-	-	■	-	-
গবাদিপশুপাখি	■	■	■	-	-	■	■
পুকুর	■	■	■	-	-	-	■
মাছ	■	-	■	-	-	-	■
রেনু/পোনা	■	■	■	-	-	-	■
বসত বাড়ি	■	-	-	-	■	-	-
রাস্তা ঘাট	■	-	-	-	-	-	-
পুল/কালভার্ট	■	-	-	-	-	-	-
গাছপালা	■	-	■	-	■	-	■
শিক্ষাপ্রতিষ্ঠান	■	-	-	-	■	-	-
খাল বিল	■	-	■	-	-	-	■
নদীনালা	■	-	■	-	-	-	■
রোগ	■	■	■	-	-	-	■

স্থানীয় ঝুঁকি পরিবেশ

খাতভিত্তিক আপদ ঝুঁকির বিবরনঃ প্রতিটি ইউনিয়নে ওয়ার্ড ভিত্তিক ৪ টি স্টেক হোল্ডার দলে (যেমন-ভূমিহীন,কৃষক,মহিলা ও প্রতিবন্ধী) আলাদা আলাদা ভাবে বসে ইউনিয়নে সংগঠিত হয় এমন আপদ সমূহ দ্বারা এলাকার জনগোষ্ঠি যে সব ধরণের ঝুঁকির সম্মুখীন হতে পারে তা সিআরএ কর্মশালায় অংশগ্রহণকারীগণ সুচিন্তিত মতামত ও পরিসংখ্যান প্রদান করেন এবং তা ব্রাউন পেপারে লিপিবদ্ধ করা হয়। অতঃপর ওয়ার্ড ভিত্তিক ৪ টি দলের ঝুঁকির বিবরণ গুলি একিভূত করণ করে ওয়ার্ডের ঝুঁকির বিবরন তৈরী হয়। পরিশেষে ৩ টি ওর্য়াডের ঝুঁকির

বিবরণ গুলি একত্রিকরণ করে একটি ইউনিয়নের ঝুঁকি সমূহ চিহ্নিত হয়। পরবর্তীতে সকল ইউনিয়ন ও পৌরসভার ঝুঁকির বিবরণ একত্রীকরণের মাধ্যমে উপজেলার ঝুঁকির বিবরণ পাওয়া যায়।

মোহনপুর উপজেলার ঝুঁকির বিবরণ

আপদ	খাত	ঝুঁকির বিবরণ
বন্যা	কৃষি	আকস্মিক বন্যার কারণে মোহনপুর উপজেলায় আষাঢ়- ভাদ্র মাসে বাকশিমইল ইউনিয়নে ১৯৯৫ একর জমির ৬৫১০০ মন ধান, ধুরইল ইউনিয়নে ২৪০০ একর জমির ৭৫০০০ মন, জাহানাবাদ ইউনিয়নে ২৭০০ একর জমির ৮০,০০০ মন, মৌগাছি ইউনিয়নে ১২০০ একর জমির ১৭০০০ মন, ঘাসিগ্রাম ইউনিয়নের ২৬০০ একর জমির ৩৮৫০০ মন ও কেশরহাট পৌরসভার ৯,০০০ মন ধান, ১০২০ জমির পান, বিভিন্ন প্রকার বীজ ৯৫০ একর জমির পাট,৩৪৮০ একর জমির সবজী, ৫০ একর জমির কলা বাগান ও ২৬০ একর জমির পেঁপেঁ বাগান নষ্ট হয়ে চরম খাদ্যাভাব ও আর্থিক সংকট দেখা দিতে পারে।
	অবকাঠামো	আকস্মিক বন্যার কারণে মোহনপুর উপজেলার বাকশিমইল ইউনিয়নে প্রায় ১৬০০ টি কাচা ঘর-বাড়ী, ধুরইল ইউনিয়নে ১২৬১ টি , জাহানাবাদ ইউনিয়নে ১৫০০ টি রায়ঘাটি ইউনিয়নে ১০০০ টি, মৌগাছি ইউনিয়নে ২৫০ টি, ঘাসিগ্রাম ইউনিয়নে ৫০২ টি ও কেশরহাট পৌরসভায় ২৫০০ টি মোট ৮৬১৩ টি কাচা ঘরবাড়ী ভেঙ্গে গিয়ে মানুষের বসবাস অংশিকভাবে ব্যাহত হতে পারে।
		আকস্মিক বন্যার কারণে মোহনপুর উপজেলার বাকশিমইল ইউনিয়নে প্রায় ২৪ কিমি. কাচা রাস্তা, ধুরইল ইউনিয়নে ৩৫ কিমি. , জাহানাবাদ ইউনিয়নে ৩০ কিমি. রায়ঘাটি ইউনিয়নে ২৭ কিমি. মৌগাছি ইউনিয়নে ০৫কিমি. ঘাসিগ্রাম ইউনিয়নে ২১ কিমি. ও কেশরহাট পৌরসভায় ২০ কিমি. মোট ১৬২ কিমি. রাস্তা নষ্ট হয়ে মানুষের চলাচল ব্যাহত হতে পারে।
		আকস্মিক বন্যার কারণে মোহনপুর উপজেলার বাকশিমইল ইউনিয়নে প্রায় ০৫ টি ব্রীজ/কালভার্ট, ধুরইল ইউনিয়নে ১৩ টি , জাহানাবাদ ইউনিয়নে ০৬ টি, রায়ঘাটি ইউনিয়নে ০৫ টি, মৌগাছি ইউনিয়নে ৪ টি, ঘাসিগ্রাম ইউনিয়নে ২০ টি ও কেশরহাট পৌরসভায় ২৫ টি মোট ৭৮ টি ব্রীজ/কালভার্ট নষ্ট হয়ে মানুষের চলাচলে অসুবিধা হতে পারে।
		মোহনপুর উপজেলার বাকশিমইল ইউনিয়নে ০৯ টি শিক্ষা প্রতিষ্ঠান, ধুরইল ইউনিয়নে ১০ টি , জাহানাবাদ ইউনিয়নে ০৮ টি, মৌগাছি ইউনিয়নে ০৫ টি, ঘাসিগ্রাম ইউনিয়নে ০৯ টি ও কেশরহাট পৌরসভায় ১০ টি মোট ৫২ টি ও ৫৩ টি ধর্মীয় প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্থ হয়ে এলাকার শিক্ষার্থীদের শিক্ষা ও ধর্মীয় আনুষ্ঠানিকতা ব্যাহত হতে পারে।
	মৎস্য	আকস্মিক বন্যার কারণে মোহনপুর উপজেলার বাকশিমইল ইউনিয়নে প্রায় ৩৪৫ টি পুকুরের মাছ, ধুরইল ইউনিয়নে ৩৯৫ টি , জাহানাবাদ ইউনিয়নে ৩৮৫ টি, রায়ঘাটি ইউনিয়নে ২৭০ টি, মৌগাছি ইউনিয়নে ১৫০ টি, ঘাসিগ্রাম ইউনিয়নে ৩৫০ টি ও কেশরহাট পৌরসভায় ২০০ টি মোট ২০৯৫ টি পুকুরের মাছ ও রেণু, পোনা ভেসে গিয়ে এলাকায় চরম মৎস্য সংকট ও মাছ চাষীদের চরম আর্থিক সংকট দেখা দিতে পারে।
	গবাদি পশুপাখি	আকস্মিক বন্যার কারণে মোহনপুর উপজেলার বাকশিমইল ইউনিয়নে প্রায় ৭৫০০ টি গবাদি পশুপাখি (হাঁস, মুরগী, গরু,ছাগল ওভেড়া) , ধুরইল ইউনিয়নে ১২৭০০৫ টি , রায়ঘাটি ইউনিয়নে ৮২৫০ টি, মৌগাছি ইউনিয়নে ৫২৫০ টি, ঘাসিগ্রাম ইউনিয়নে ১৩০০০ টি ও কেশরহাট পৌরসভায় ২৩০০০ টি মোট ৭০,০০০ টি পশুপাখি (হাঁস, মুরগী, গরু,ছাগল ওভেড়া) চারণভূমি ডুবে যাওয়ার কারণে ও বন্যা পরবর্তী সময়ে কাচা ঘাস খাওয়ার ফলে গবাদি পশুপাখি বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে প্রায় ৫% মারা যেতে পারে।
	স্বাস্থ্য	আকস্মিক বন্যার কারণে মোহনপুর উপজেলার বাকশিমইল ইউনিয়নে প্রায় ৩০০০ জন লোকের, ধুরইল ইউনিয়নে ২৫০০ জন লোকের , রায়ঘাটি ইউনিয়নে ৪০০০ জন লোকের , মৌগাছি ইউনিয়নে ৮০০ জন লোকের, ঘাসিগ্রাম ইউনিয়নে ৩০০০ জন লোকের ও কেশরহাট পৌরসভার ৯০০০ জন লোকের মোট ২৩৩০০ জন লোকের পানিবাহিত রোগ যেমন -ডায়রিয়া, আমাশয়, টাইফয়েট, জন্ডিস ইত্যাদি রোগে আক্রন্ত হয়ে চরম স্বাস্থ্যহানি ঘটতে পারে।

	নার্সারী	মোহনপুর উপজেলার রায়ঘাটি ইউনিয়নের আষাঢ় মাসের প্রথম সপ্তাহ থেকে আশ্বিন মাস পর্যন্ত বন্যার কারণে প্রায় ২৫০ টি নার্সারীর প্রায় ৬ লক্ষ ৭৫ হাজার চারাগাছ ডুবে গিয়ে নষ্ট হতে পারে

আপদ	খাত	ঝুঁকির বিবরণ
পানির স্তর নিচে নেমে যাওয়া	স্বাস্থ্য	চৈত্র-জ্যৈষ্ঠ মাসে পানির স্তর নিচে নেমে যাওয়ার কারণে মোহনপুর উপজেলার বাকশিমইল ইউনিয়নে প্রায় ১৭০০০ হাজার লোক নিরাপদ পানির অভাবে পানিবাহিত রোগে আক্রান্ত হয়ে ক্ষতিগ্রস্ত হতে পারে।
খরা	কৃষি	খরার কারণে মোহনপুর উপজেলার বাকশিমইল ইউনিয়নে প্রায় ১৩৫০ একর জমির ধান, ধুরইল ইউনিয়নে ৮২০ একর, রায়ঘাটি ইউনিয়নে ৫৩৩ একর, মৌগাছি ইউনিয়নে ৮৫০ একর, ঘাসিগ্রাম ইউনিয়নে ২৪০০ একর ও কেশরহাট পৌরসভায় ২৫০০ একর মোট ১০৩৫১ একর জমির ধান এ ৪২৫ একর জমির পান, ৫২০ একর জমির ভূট্টা, ১৫৮০ একর জমির সবজী, ১৭০ একর জমির পেয়াজ রসুন, ১১০ একর জমির কচু ও ৩০০ একর জমির আলু নষ্ট হয়ে চরম খাদ্য ও আর্থিক সংকট দেখা দিতে পারে।
	মৎস্য	মোহনপুর উপজেলায় প্রচন্ড খরার কারণে বাকশিমইল ইউনিয়নে প্রায় ১৫৫টি পুকুর , ধুরইল ইউনিয়নে ১৭০ টি পুকুর, রায়ঘাটি ইউনিয়নে ২৫০টি পুকুর, মৌগাছি ইউনিয়নে ৩০০ টি পকুর, ঘাসিগ্রাম ৩৫০ টি পুকুর ও কেশরহাট পৌরসভায় ৩০০ টি পুকুরসহ মোট ১৮০০ টি পুকুরের পানি শুকিয়ে গিয়ে এলাকায় মাছ চাষ ব্যাহত হয়ে চরম আমিষের ঘাটতি ও মাছ চাষীদের আর্থিক সংকট দেখা দিতে পারে।
	স্বাস্থ্য	প্রচন্ড খরার কারণে মোহনপুর উপজেলা বাকশিমইল ইউনিয়নে ১৫০০ জন লোকের , ধুরইল ইউনিয়নে ৬৭০০ জন লোকের, জাহানাবাদ ইউনিয়নে ৮০০ জন লোকের, রায়ঘাটি ইউনিয়নে ৩৫০০ জন লোকের, মৌগাছি ইউনিয়নে ৫০/৬০ জন লোকের , ঘাসিগ্রাম ৬৭০০ গন লোকের ও কেশরহাট পৌরসভায় ১৭০০০ লোকের, মোট ৩৬২০০ লোকের ডায়রিয়া, আমাশয়, টাইফয়েট, জন্ডিস, গুটি বসন্ত ইত্যাদি রোগে আক্রান্ত হয়ে স্বাস্থ্যহানী ঘটতে পারে।
	গবাদি পশুপাখি	চৈত্র থেকে জ্যৈষ্ঠ মাস পর্যন্ত প্রচন্ড খরার কারণে মোহনপুর উপজেলার,কেশরহাট, মৌগাছি, রায়ঘাটি ও ঘাসিগ্রাম ইউনিয়নের সকল গবাদি পশুর চারণভূমি শুকিয়ে গিয়ে ব্যাপক খাদ্যাভাব ও বিভিন্ন রোগ যেমন পেটফোলা, গলাফোলা , পাতলা পায়খানা, গুটি বসন্ত, ক্ষুড়ারোগ ইত্যাদিতে আক্রান্ত হয়ে চরম আর্থিক দেখা দিতে পারে।
পান গাছ পচন	কৃষি	মোহনপুর উপজেলার বাকশিমইল ইউনিয়নে পান বরজে ভাইরাস সংক্রমক হয়ে এবং ক্ষতিকর রাসায়নিক সার ও ভেজাল খৈল প্রয়োগের কারণে পান পচে ও পানের গাছ মরে প্রায় ৫০০ একর জমির প্রায় ১ লক্ষ ৭৬ হাজার পোয়া(২০৪৮ টি পান=১ পোয়া) পান নষ্ট হয়ে চরম আর্থিক সংকট দেখা দিয়ে প্রায় ৪০০০ টি পরিবার ক্ষতিগ্রস্ত হতে পারে।
শিলাবৃষ্টি	কৃষি	বৈশাখ থেকে জ্যৈষ্ঠ মাস পর্যন্ত আকস্মিক শিলাবৃষ্টির কারণে মোহনপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ৫৯৮০ একর জমির পান, ৪৫২ একর জমির ভূট্টা, ১৬৯০ একর জমির পিয়াজ/রসুন, ১৮৩০ একর জমির শাক-সবজী, বিপুল সংখ্যক গাছের আম ও ৩৩০০ একর জমির ধান নষ্ট হয়ে চরম খাদ্য ও অর্থনৈতিক সংকট দেখা দিতে পারে।
	অবকাঠামো	মোহনপুর উপজেলায় শিলাবৃষ্টির কারণে জাহানাবাদ ইউনিয়নে প্রায় ৪৫০ টি ঘরবাড়ী, রায়ঘাটি ইউনিয়নে ২০০ টি, ঘাসিগ্রাম ইউনিয়নে ১৪০ টি , ও কেশরহাট পৌরসভার ৬০০ টিসহ মোট ১৩৯০ টি নষ্ট হয়ে মানুষের বসবাসের ব্যাঘাত ঘটতে পারে।
	নার্সারী	আকস্মিক শিলাবৃষ্টির কারণে বৈশাখ মাসের শুরু থেকে জ্যৈষ্ঠ মাসের শেষ সপ্তাহ পর্যন্ত মোহনপুর উপজেলার রায়ঘাটি ইউনিয়নে প্রায় ৩৫০ টি নার্সারীর প্রায় ৫লক্ষ চারা গাছ নষ্ট হয়ে যেতে পারে।
	গবাদীপশুপাখি	আকস্মিক শিলাবৃষ্টির কারণে বৈশাখ মাসের শুরু থেকে জ্যৈষ্ঠ মাসের শেষ সপ্তাহ পর্যন্ত মোহনপুর উপজেলার রায়ঘাটি ইউনিয়নে প্রায় ২৫০০ টি গবাদীপশুপাখি বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে প্রায় ৫০০ টি মারা যেতে পারে।

	অবকাঠামো	আকস্মিক শিলাবৃষ্টির কারণে বৈশাখ মাসের শুরু থেকে জ্যৈষ্ঠ মাসের শেষ সপ্তাহ পর্যন্ত মোহনপুর উপজেলার রায়ঘাটি ইউনিয়নে প্রায় ২০০ টি কাঁচা বাড়ি ও ঘাসীগ্রাম ইউনিয়নের ১৪০টি বসতবাড়ী ক্ষতিগ্রস্থ হয়ে ক্ষতিগ্রস্ত হতে পারে।

আপদ	খাত	ঝুঁকির বিবরণ
কুয়াশা	কৃষি	কুয়াশার কারণে অগ্রহায়ণ মাসের শেষ সপ্তাহ হতে শুরু করে মাঘ মাসের শেষ সপ্তাহ পর্যন্ত মোহনপুর উপজেলার বাকশিমইল ইউনিয়নের প্রায় ৯০০ একর জমির আলু , ধুরইর ইউনিয়নের ৫৮০ একর, জাহানাবাদ ইউনিয়নের ৯৫০ একর, রায়ঘাটি ইউনিয়নের ৫০০ একর, মৌগাছি ইউনিয়নের ৪৫০একর, ঘাসিগ্রাম ইউনিয়নের ১০০০ একর ও কেশরহাট পৌরসভার ৪০০ একর জমির আলু নষ্ট হতে পারে। এছাড়াও ব্যাপক সংখ্যক আমের মুকুল, ২৭৫০ একর জমির রবিশষ্য ২০০০ একর জমির পন বরচ ও পিয়াজ-রসুনের ব্যাপক ক্ষতি হতে পারে।
	গবাদি পশুপাখি	প্রচন্ড কুয়াশার কারণে মোহনপুর উপজেলার বাকশিমইল ইউনিয়নের প্রায় ২৮০০০ গবাদিপশুপাখি (হাঁস,মুরগী,গরু, ছাগল, ভেড়া) ধুরইর ৩৮৫০ টি , জাহানাবাদ ইউনিয়নের বেশকিছু সংখ্যক, রায়ঘাটি ইউনিয়নের ৫০০০ টি, মৌগাছি ইউনিয়নের বেশকিছু সংখ্যক, ঘাসিগ্রাম ইউনিয়নের ৯৭৫০ টি ও কেশরহাট পৌরসভার ২০০০ টি গবাদি পশুপাখির সর্দি, কাশি,পাতলা পায়খানা ,মাথায় পানি জমা ও জ্বরের কারণে কিছু সংখ্যক গবাদিপশুপাখি মারা যেতে পারে।
	স্বাস্থ্য	পৌষ ও মাঘ মাসে ঘন কুয়াশার কারণে মোহনপুর উপজেলার কেশরহাট পৌরসভার ৮০০০ লোকের, রায়ঘাটি ইউনিয়নের ১৫০০ জন লোকের ও ঘাসিগ্রাম ইউনিয়নের ১৫০০ জন সদস্য বিভিন্ন রোগে (যেমন; সর্দিকাশি, জ্বর, নিউমোনিয়া, মাথাব্যাথা ইত্যাদি) আক্রান্ত হওয়ার সম্ভাবনা রয়েছে।
কাল বৈশাখী	কৃষি	কালবৈশাখী ঝড়ের কারণে মোহনপুর উপজেলার বাকশিমইল ইউনিয়নের প্রায় ৬০০ একর জমির ধান , ধুরইর ইউনিয়নের ৭৫০ একর, জাহানাবাদ ইউনিয়নের ১২০০ একর, রায়ঘাটি ইউনিয়নের ৫৬০০ একর, মৌগাছি ইউনিয়নের ১৭০০ একর, ঘাসিগ্রাম ইউনিয়নের ২৮০০ একর ও কেশরহাট পৌরসভার ২৫০০ একর মোট ১৫১৫০ একর জমির ধান নষ্ট হয়ে যেতে পারে। এছাড়াও ব্যাপক সংখ্যক গাছের আমের মুকুল ও বিভিন্ন ফলের ক্ষতি হয়ে এলাকায় খাদ্য সংকট দেখা দিতে পারে।
	অবকাঠামো	কাল বৈশাখী ঝড়ের কারণে মোহনপুর উপজেলার বাকশিমইল ইউনিয়নের প্রায় ৩০০ টি ঘরবাড়ী , ধুরইল ইউনিয়নের ৪০০ টি ঘরবাড়ী, জাহানাবাদ ইউনিয়নের ৬৫০ টি, রায়ঘাটি ইউনিয়নের ৬০০ টি, মৌগাছি ইউনিয়নের ১২০০ টি, ঘাসিগ্রাম ইউনিয়নের ৭৩০ টি ও কেশরহাট পৌরসভার ৮০০ টি মোট ৮৬৮০ টি ঘরবাড়ী নষ্ট হয়ে মানুষে বসবাস ব্যাহত হতে পারে। এ ছাড়াও ৪২ টি শিক্ষা প্রতিষ্ঠান, হাটবাজার ও ধর্মীয় প্রতিষ্ঠান ভেঙ্গে যেতে পারে।
	গাছপালা	কাল বৈশাখী ঝড়ের কারণে মোহনপুর উপজেলার ৫% গাছপালা ভেঙ্গে যেতে পারে।
অতিবৃষ্টি	কৃষি	মোহনপুর উপজেলায় অতিবৃষ্টির কারণে ধুরইল ইউনিয়নে প্রায় ৫৫০ একর ও মৌগাছি ইউনিয়নের ৩০০ একর জমির জমির ধান ও মরিচ, ৪০০ কপি নষ্ট হয়ে এলাকায় চরম খাদ্য ও অর্থ সংকট দেখা দিতে পারে।
পানির স্তর নিচে নামা	নিরাপদ পানি	চৈত্র বৈশাখ ও জ্যৈষ্ঠ মাসে পানির স্তর নিচে নেমে যাওয়ার কারণে মোহনপুর উপজেলার রায়ঘাটি ইউনিয়নে প্রায় ৫৫০০ হাজার লোক নিরাপদ পানির অভাবে পানিবাহিত রোগে আক্রান্ত হয়ে স্বাস্থ্য সমস্যায় পড়তে পারে।
পোকার আক্রমণ	কৃষি	পোকার আক্রমন ও ভাইরাস জনিত কারণে মোহনপুর উপজেলার রায়ঘাটি ইউনিয়নে প্রায় ৫০০০ বিঘা জমির ১৮ হাজার মন ধান, ১৫০০ বিঘা জমির ২৫ হাজার মন আলু প্রায় ৮০০ বিঘা জমির প্রায় ২৪ হাজার মন বেগুন প্রায় ১০০ বিঘা জমির প্রায় ২০০ মন করলা, ২০০০ টি চালার ৮০০ মন শিম, ৫০ হাজার আম গাছের ৪০ হাজার মন আম, ২০০০ লিচু গাছের ৪০ লক্ষ পিচ লিচু, ৭০০০ নারিকেল গাছের ৩ লক্ষ ৫ হাজার পিচ ডাব এবং নারিকেল এবং প্রায় ৬০ টি পান বরজের প্রায় ৮ হাজারপোয়া পান উৎপাদন হতে ব্যহত হতে পারে।

উপসংহারঃ

